



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
নিরীক্ষা বিভাগ  
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।  
[www.bpc.gov.bd](http://www.bpc.gov.bd)

সূত্র নং- ২৮.০৩.০০০০.০০০.০৭৬.২৬.০০০১.২৫

তারিখ: ০৪-০৫-২০২৬ খ্রি.

**বহিঃনিরীক্ষক নিয়োগের জন্য কোটেশন/দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি**

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর অর্থায়নে বাস্তবায়িত “চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন” এবং “ইন্সটলেশন অব সিঞ্জোল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন” প্রকল্পের সম্পদ পুনর্মূল্যায়ন/মূল্যায়নের জন্য বহিঃনিরীক্ষক প্রতিষ্ঠান নির্বাচনের জন্য সরকার/নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম থেকে সিলমোহরকৃত খামে কোটেশন/দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

১. যোগ্যতা: অডিট ফার্মকে অবশ্যই Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) কর্তৃক তালিকাভুক্ত এবং বিভিন্ন প্রকল্পের Assest valuation করার কাজে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২. কাজের পরিধি (Scope of Work): বিপিসি'র “চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন” এবং “ইন্সটলেশন অব সিঞ্জোল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন” প্রকল্পের সম্পদ পুনর্মূল্যায়ন/মূল্যায়ন করে তাহা অডিট রিপোর্ট (Audit Report) আকারে জমা দিতে হবে।
৩. আবেদনের নিয়ম: আগ্রহী ফার্মকে আগামী ১৪.০৫.২০২৬ তারিখ দুপুর ১২ ঘটিকার মধ্যে সিলমোহরকৃত খামে মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিপিসি'র দপ্তর বরাবর দরপত্র (অর্থ মূল্য সংযুক্ত করে) জমা দিতে হবে।
৪. কাগজপত্র: অডিট ফার্মের প্রোফাইল, ড্রেড লাইসেন্স, টিন (TIN) সার্টিফিকেট, ICAB তালিকাভুক্তি সনদ সংযুক্ত করতে হবে এবং Asset Valuation/revaluation কাজের অভিজ্ঞতা সনদ জমা দিতে হবে।
৫. দর নিয়ন্ত্রণ: অডিটর নির্বাচনের ক্ষেত্রে সর্বনিম্ন দর (Lowest Price) প্রধান বিবেচ্য হবে, তবে অভিজ্ঞতার বিষয়টিকেও অগ্রাধিকার দেওয়া হবে।
৬. কার্য সম্পাদনের সময়: কার্যাদেশ পাওয়ার পর ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সম্পদ পুনর্মূল্যায়ন/ মূল্যায়নের কার্যক্রম সম্পাদন করতে হবে।
৭. অধিকার: কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল কোটেশন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ জাহাঙ্গীর কবির)  
মহাব্যবস্থাপক (নিরীক্ষা)

